DD/ATM
12.3.23

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

AA/PO

নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭. 4860 তারিখ: 09/০৩/২০২৩ খ্রিঃ।

**অফিস আদেশ**

12/03/23

যেহেতু, জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বক্কর সিদ্দিক), গ্রন্থাগারিক স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে যুক্তরাজ্য গমনের জন্য ০৪ (চার) মাসের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৪৯৮ তারিখ-০২/০৬/২০২১ মূলে ২ (দুই) মাস বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১৪/০৬/২০২১ তারিখে যুক্তরাজ্য গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি;

২.০ যেহেতু, অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর ১৮/০৮/২০২১ তারিখ এক পত্র মারফত কর্তৃপক্ষকে অবগত করেন যে, তিনি গর্ভাবস্থা সময় অতিবাহিত করছেন এবং শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ায় ডাক্তারের পরামর্শমতে ৬/৭ মাস বেড রেস্টে থাকার কথা উল্লেখ করে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের জন্য আবেদন জানান এবং উক্ত সময় অতিবাহিত হলেও তিনি কাজে যোগদান করেননি ও যথানিয়মে ছুটির আবেদন করেননি;

৩.০ যেহেতু, অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.৪৯৭.১৭.৩২৯ তারিখ: ৩১/০৩/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৩/২০২২ রুজু করা হয় এবং ১০(দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানসহ তিনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করে বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ তার স্থায়ী ঠিকানায়, বহিঃবাংলাদেশ ঠিকানায় এবং ব্যক্তিগত ই-মেইলে প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, তিনি যুক্তরাজ্য হতে ১১/০৪/২০২২ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে প্রেরণ করেন কিন্তু সশরীরে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক ১২/০১/২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন যাতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

৫.০ যেহেতু, তার বিরুদ্ধে 'পলায়ন'-এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(ঙ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে গত ৩১/০১/২০২৩ তারিখ তার বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়;

৬.০ যেহেতু, তিনি গত ১৩/০২/২০২৩ তারিখ ই-মেইলে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন যাতে তার কন্যা সন্তানের পাসপোর্ট হাতে না পাওয়ার বিষয় উল্লেখ করেন;

৭.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামতসহ সামগ্রিক বিষয় পর্যালোচনায় দেখা যায়, জনাব তানিয়া আক্তার অনুমোদিত ছুটি শেষ হওয়ার পর বিগত ১৪/০৮/২০২১ তারিখে কর্মস্থলে যোগদান না করে এখন পর্যন্ত অননুমোদিতভাবে দেশের বাহিরে অবস্থান করছেন। একজন বাংলাদেশী হিসেবে ১৪/০৬/২০২১ তারিখে যুক্তরাজ্য গিয়ে এতদিন ঐ দেশে অবস্থান করায় সত্যিই সন্দেহের অবকাশ রয়েছে। নিয়ম অনুযায়ী তিনি দূতাবাসের মাধ্যমেও ছুটি বর্ধিতকরণের কোন আবেদন করেননি; এবং

৮.০ যেহেতু, জনাব তানিয়া আক্তার, গ্রন্থাগারিক-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, অভিযোগ বিবরণী, বিভাগীয় মামলার জবাব, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, বিদ্যমান বিধি-বিধান এবং নথিতে রক্ষিত তথ্যাদি পর্যালোচনায়, অননুমোদিতভাবে বিদেশ অবস্থানের মাধ্যমে তার পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(গ) বিধি অনুযায়ী তাকে 'পলায়ন'-এর দায়ে দোষী সাব্যস্ত করা হয় এবং দোষী সাব্যস্ত হওয়ায় তার প্রতি গুরুদন্ড আরোপপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পাতা-০২ দ্রষ্টব্য

৯.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর ৫০(১)(খ)(উ) প্রবিধি অনুযায়ী জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বক্র সিদ্দিক)-কে তার অননুমোদিত অনুপস্থিতি তথা ১৪/০৮/২০২১ তারিখে বেবিচকের গ্রন্থাগারিক পদের চাকরি হতে বরখাস্ত করা হলো এবং বিভাগীয় মামলা নং-০৩/২০২২ এর অভিযোগনামায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

১০.০ এ আদেশ ভূতাপেক্ষভাবে ১৪/০৮/২০২১ তারিখ হতে কার্যকর হবে।

09/6/2026

মোঃ মাহবুব আলম তালুকদার
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
☎ ৪১০৯১০০৫

বিতরণ:

১। আইন কর্মকর্তা ও পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
২। পরিচালক (এফএসআর), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৬। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৮। সহকারী পরিচালক (আইন), আইন শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক শৃঙ্খলা ও তদন্ত শাখায় প্রেরণের জন্য)।
৯। জনাব তানিয়া আক্তার (পিতা-আবু বক্র সিদ্দিক), গ্রন্থাগারিক (বরখাস্তকৃত), আইন শাখা, সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
স্থায়ী ঠিকানা: ২৫৮ দক্ষিন সাটির পাড়া, গ্রাম-কুমিল্লা কলোনী, ডাকঘর-নরসিংদী-১৬০০, থানা ও জেলা-নরসিংদী।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: TANIA AKTER, C/O-Mr. Raju Miah, 4 Leonard Close, Cambridge, CB5 8TR, United Kingdom.

09/6/2026

মোঃ মাহবুব আলম তালুকদার
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)